সমকাল

তারিখ 11 FEB 2010
পৃষ্ঠা 8 কলাম 6

# চবিতে ছাত্রলীগের সংঘর্ষের ঘটনায় দুটি মামলা

■ চবি প্রতিনিধি

চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়ে (চবি) ছাত্রলীগের দুই গ্রুপের সংঘর্ষের ঘটনায় হাটহাজারী থানায় পৃথক দুটি মামলা হয়েছে। গত মঙ্গলবার রাতে একটি ও বুধবার রাতে একটি মামলা করা হয়েছে বলে জানিয়েছে হাটহাজারী থানা পুলিশ।

এর আগে ছাত্রলীগের দুই গ্রুপের সংঘর্ষের কারণ অনুসন্ধানে চার সদস্যের কমিটি গঠন করে চট্টগ্রাম বিশ্ববিদ্যালয়। গতকাল বুধবার দুপুরে এ কমিটি গঠন করা হয়। তথ্য অনুসন্ধান কমিটি গঠনের বিষয়টি সমকালকে নিশ্চিত করেছেন বিশ্ববিদ্যালয়ের সহকারী প্রক্টর মো. নিয়াজ মোরশেদ। বন ও পরিবেশ বিদ্যা ইনস্টিটিউটের অধ্যাপক ড. মোহাম্মদ জসীম উদ্দিনকে আহ্বায়ক ও সহকারী প্রক্টর হেলাল উদ্দিনকে সদস্য সচিব করা হয়। সহকারী প্রক্টর মিজানুর রহমান ও শহিদুল ইসলামকে সদস্য করা হয়েছে। আগামী সাত দিনের মধ্যে উপাচার্যের কাছে প্রতিবেদন জমা দিতে বলা হয়েছে।

হাটহাজারী থানার ওসি মো. ইসমাইল মামলার বিষয়টি নিশ্চিত করে সমকালকে বলেন, 'চবি ছাত্রলীগের সভাপতি মো. আলমগীর টিপুর অনুসারী মো. আরাফাত হোসেন ও এনাম চৌধুরী আহত হওয়ার ঘটনায় আরাফাতের বড় বোন সৈয়দা সুলতানা রহমান বাদী হয়ে মঙ্গলবার রাতে মামলা করেন। এ মামলায় আটজনের নাম উল্লেখ করে ও চার থেকে পাঁচজনকে অজ্ঞাতপরিচয় আসামি করা হয়েছে। পাশাপাশি সাধারণ সম্পাদক ফজলে রাব্বী সুজনের অনুসারী মো. মাসুম ও মির্জা কবির আহত হওয়ার ঘটনায় মির্জা কবির বাদী হয়ে বুধবার রাতে মামলা করেন। এ মামলায় ১৫ জনকে আসামি করা হয়েছে। মঙ্গলবার রাতে হলে ভাংচুরের ঘটনায় কোনো মামলা হয়নি।'